বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

নং-৩০.৩১.০০০০.২১১.০১.০৩৩.২১- ৯৬২৯ তারিখ: ১৮/০৫/২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি - ৩

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

## গ্রুপ-৮

## ক-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | ইন্সট্রাক্টর (সিএনএস)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, এপ্লাইড ফিজিক্স ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অন্যূন ০২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ২. | ইন্সট্রাক্টর (ইংলিশ ল্যাঙ্গুয়েজ)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা<br>ইংরেজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অন্যূন ০২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৩. | সিএনএস প্রকৌশলী<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১০ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, এপ্লাইড ফিজিক্স ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রনিক এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৪. | এয়ার ট্রান্সপোর্টেশন অফিসার (পরিসংখ্যান)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা ফলিত পরিসংখ্যান বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>পরিসংখ্যান বা ফলিত পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>পরিসংখ্যান বা ফলিত পরিসংখ্যান বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৫. | র‍্যাটার (এভিয়েশন ইংলিশ)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>ইংরেজি বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক(সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>ইংরেজি বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ৬. | হিসাব রক্ষক<br>টাঃ ১১,৩০০-২৭,৩০০/-<br>গ্রেড-১২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৭ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাবসা শিক্ষা বা ব্যবসা প্রশাসনে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) হিসাব রক্ষণ সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটারে এম,এস, অফিস, ইউনিকোড ও বেসিক ডাটা বেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতাসম্পন্ন। |
| ৭. | ফায়ার সুপারভাইজার<br>টাঃ ১১,৩০০-২৭,৩০০/-<br>গ্রেড-১২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১০ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন, ফলিত রসায়ন, পদার্থবিদ্যা বা ফলিত পদার্থবিদ্যা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি। |

## খ-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ৮. | নিরাপত্তা অপারেটর<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১৫২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫'৬"), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫'৫") এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার;<br>(গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫'২"), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(ঘ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ। | গোপালগঞ্জ, চাঁদপুর ও বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ৯. | ড্রাইভার/মোটর পরিবহন চালক<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৩৫ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) হালকা গাড়ী চালনায় বৈধ লাইসেন্স থাকিতে হইবে। | |
| ১০. | স্টোরম্যান<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১৩ | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১১. | ডেসপ্যাচ রাইডার<br>টাঃ ৮,৮০০-২১,৩১০/-<br>গ্রেড-১৮ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বৈধ লাইসেন্সসহ মোটর সাইকেল চালনায় পারদর্শী। | |
| ১২. | ট্রাফিক হ্যান্ড<br>টাঃ ৮,৫০০-২০,৫৭০/-<br>গ্রেড-১৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২৫ | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

## গ্রুপ-৯

## ক-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | মেইনটেনেন্স প্রকৌশলী<br>টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/-<br>গ্রেড-৬ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী রক্ষণাবেক্ষন প্রকৌশলী/সহকারী প্রোগ্রামার/ সিনিয়র কম্পিউটার অপারেটর হিসাবে অন্যূন ০৪(চার) বৎসরের চাকুরি। |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ২. | হিসাবরক্ষণ কর্মকর্তা-৭/<br>নিরীক্ষা অফিসার-৩<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১০ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসা শিক্ষা বা ব্যবসা প্রশাসনে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>ব্যবসা শিক্ষা বা ব্যবসা প্রশাসনে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>ব্যবসা শিক্ষা প্রশাসনে ০৪(চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩. | ইনস্ট্রাক্টর (এফএসএন্ডআর)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইলেকট্রনিক্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; অথবা<br>পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, জিও ইনফরমেটিক্স, ভূগোল ও পরিবেশ বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, জিও ইনফরমেটিক্স, ভূগোল ও পরিবেশ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা<br>পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, জিও ইনফরমেটিক্স, ভূগোল ও পরিবেশ বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৪. | এএনএস ইন্সপেক্টর (সার্চ এন্ড রেসকিউ)-১/এএনএস ইন্সপেক্টর (প্যানস-অপস)-২<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৩ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, জিও ইনফরমেটিক্স বা জিওগ্রাফী এন্ড এনভায়রনমেন্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, জিও ইনফরমেটিক্স বা জিওগ্রাফী এন্ড এনভায়রনমেন্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, জিও ইনফরমেটিক্স বা জিওগ্রাফী এন্ড এনভায়রনমেন্ট বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৫. | এএনএস ইন্সপেক্টর (মেট)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, ফলিত গণিত, পরিসংখ্যান, ফলিত পরিসংখ্যান, রসায়ন, ফলিত রসায়ন, পদার্থ বিদ্যা, ফলিত পদার্থ বিদ্যা বা জিওগ্রাফী এন্ড এনভায়রনমেন্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>গণিত, ফলিত গণিত, পরিসংখ্যান, ফলিত পরিসংখ্যান, রসায়ন, ফলিত রসায়ন, পদার্থ বিদ্যা, ফলিত পদার্থ বিদ্যা বা জিওগ্রাফী এন্ড এনভায়রনমেন্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক(সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>গণিত, ফলিত গণিত, পরিসংখ্যান, ফলিত পরিসংখ্যান, রসায়ন, ফলিত রসায়ন, পদার্থ বিদ্যা, ফলিত পদার্থ বিদ্যা বা জিওগ্রাফী এন্ড এনভায়রনমেন্ট বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৬. | সিনিয়র কার্টোগ্রাফার<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জিও ইনফরমেটিক্স (জিওগ্রাফী এন্ড এনভায়রনমেন্ট) বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |

## খ-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ৭. | উচ্চমান সহকারী-৭/উচ্চমান সহকারী (বেঞ্চ সহকারী)-১<br>টাঃ ১০,২০০-২৪,৬৮০/-<br>গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৮ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা থাকিতে হইবে; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে সবনিম্ন ২০ শব্দ। | গোপালগঞ্জ, চাঁদপুর ও বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ৮. | ড্রাফটসম্যান-১/ড্রাফটসম্যান কাম ক্যাড অপারেটর-৭<br>টাঃ ৯,৭০০-২৩,৪৯০/-<br>গ্রেড-১৫ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৮ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে সিভিল/ আর্কিটেকচারাল ড্রাফটিং এ সার্টিফিকেট প্রাপ্ত। | |
| ৯. | মেডিক্যাল এসিস্ট্যান্ট<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৮ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে ১(এক) বৎসর মেয়াদী সার্টিফিকেট ইন-হেলথ টেকনলোজি (প্যারামেডিক বা পেশেন্ট কেয়ার) কোর্সে উত্তীর্ণ। | |
| ১০. | ইমাম<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৫ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কেরাতে পারদর্শী হইতে হইবে। | |
| ১১. | পুরোহিত<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সর্বজনীন পূজা পরিচালনার অভিজ্ঞতা থাকিতে হইবে। | |
| ১২. | টেলিফোন অপারেটর<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৯ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকিতে হইবে। | |
| ১৩. | সহকারী অপারেটর<br>টাঃ ৮,৫০০-২০,৫৭০/-<br>গ্রেড-১৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১ | কোনো স্বীকৃত বোর্ড হইতে ফার্ম মেশিনারি, অটোমোটিভ, জেনারেল মেকানিক্স বা মেশিন টুলস অপারেশন ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ। | |

## গ্রুপ-১০

## ক-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক (এডসেক অপস)<br>টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/-<br>গ্রেড-৬ | অনূর্ধ্ব ৩৫ বৎসর | ৭ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>০৪(চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) সরকারি বা স্বায়ত্তশাসিত কোনো প্রতিষ্ঠানে এ সংক্রান্ত কর্মের সহিত সংশ্লিষ্ট ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে অন্যূন ৭ (সাত) বৎসরের কর্মের অভিজ্ঞতা;<br>(গ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫'৬''), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫'৫'') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার;<br>(ঘ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫'২''), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(ঙ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ২. | এএনএস ইন্সপেক্টর (এআইএস)-১/ এএনএস ইন্সপেক্টর (ম্যাপস এন্ড চার্ট)-১<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০/-<br>গ্রেড-৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, জিও ইনফরমেটিক্স বা জিওগ্রাফী এন্ড এনভায়রনমেন্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, জিও ইনফরমেটিক্স বা জিওগ্রাফী এন্ড এনভায়রনমেন্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক(সম্মান)সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>পদার্থবিদ্যা, ফলিত পদার্থবিদ্যা, জিও ইনফরমেটিক্স বা জিওগ্রাফী এন্ড এনভায়রনমেন্ট বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি। |
| ৩. | প্রযুক্তি সহকারী<br>টাঃ ১৬,০০০-৩৮,৬৪০/-<br>গ্রেড-১০ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১৪ | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, কম্পিউটার, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪(চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি। |
| ৪. | নিরাপত্তা অধিক্ষক<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>গ্রেড-১৩ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৭৫ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৬৭ সেন্টিমিটার (৫'৬''), তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেন্টিমিটার (৫'৫'') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার;<br>(গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যূন ১৫৭ সেন্টিমিটার (৫'২''), তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেন্টিমিটার (৫') এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(ঘ) মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ। |

## খ-বিভাগ

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ৫. | মোটর মেকানিক<br>টাঃ ৯,৭০০-২৩,৪৯০/-<br>গ্রেড-১৫ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেক্ট্রিক্যাল ওয়ার্কস এন্ড মেইনটেন্যান্স বা মেশিন টুলস অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে অন্যূন ০১(এক) বৎসরের চাকরির অভিজ্ঞতা। | গোপালগঞ্জ, চাঁদপুর ও বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ৬. | ইঞ্জিন চালক<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১৯ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে এগ্রো মেশিনারি, অটোমোবাইল বা মেশিন টুলস অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেডে ০২(দুই) বৎসর মেয়াদি উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড হইতে "বি" ও "সি" ক্যাটাগরির পারমিটধারী। | |
| ৭. | অটো-ইলেকট্রিশিয়ান (যানবাহন বিদ্যুৎ কারিগর)<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে এগ্রোমেশিনারি, অটোমোবাইল বা মেশিন টুলস অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) অটো ইলেকট্রিশিয়ান কাজে অন্যূন ০১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। | |
| ৮. | ফিটার মেকানিক<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৪ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে এগ্রো মেশিনারি, অটোমোবাইল বা মেশিন টুলস অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) (ভোকেশনাল) উত্তীর্ণ; এবং<br>(খ) ফিটার মেকানিক এর কাজে অন্যূন ০১(এক) বৎসরের চাকরির অভিজ্ঞতা। | |

| ক্রমিক নং | পদের নাম, বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল-২০১৫) | প্রার্থীর বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ৯. | সশস্ত্র নিরাপত্তা প্রহরী<br>টাঃ ৯,০০০-২১,৮০০/-<br>গ্রেড-১৭ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ১৯৭ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যুন ১৬২.৫ সেন্টিমিটার, তবে কোনো উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫৭ সেন্টিমিটার এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮০ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৮৪ সেন্টিমিটার;<br>(গ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা অন্যুন ১৫২.৫ সেন্টিমিটার, তবে উপজাতি প্রার্থীর ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেন্টিমিটার এবং বুকের মাপ স্বাভাবিক অবস্থায় ৮৬ সেন্টিমিটার সম্প্রসারিত অবস্থায় ৯০ সেন্টিমিটার; এবং<br>(ঘ) পুরুষ প্রার্থীর ওজন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ওজন ৪৫ কেজি। | গোপালগঞ্জ, চাঁদপুর ও বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে, সকল জেলার এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |

০১. <u>নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:</u>

**(ক) অত্র নিয়োগ বিজ্ঞপ্তির ০৩টি গ্রুপ (গ্রুপ-৮, গ্রুপ-৯ এবং গ্রুপ-১০) রয়েছে। একই গ্রুপের সকল পদের পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় যেকোন গ্রুপের একটি ক্রমিকের (যেমন গ্রুপ-৮এর ক্রমিক ১ হতে ১২ পর্যন্ত যেকোন একটি, গ্রুপ-৯ এর ক্রমিক ১ হতে ১৩ পর্যন্ত যেকোন একটি এবং গ্রুপ-১০ এর ক্রমিক ১ হতে ৯ পর্যন্ত যেকোন একটি) বেশি পদে আবেদন করার সুযোগ নেই।**

(খ) নিয়োগ বিজ্ঞপ্তিটি www.caab.gov.bd এবং http://caab.teletalk.com.bd -তে পাওয়া যাবে।

(গ) **০১/০৪/২০২১** তারিখে প্রার্থীর বয়স বিজ্ঞপ্তির ৩নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর । বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(ঙ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে। কর্তৃপক্ষ এ বিষয়ে নিয়মমাফিক যে কোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে। শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(চ) পরীক্ষা/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ করতে পারবেন এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন ।

(ছ) মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রসহ সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন/পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে এবং এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার অর্জিত সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

(জ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(ঝ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২. <u>আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:</u>

(ক) আগ্রহী প্রার্থীগণ http://caab.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

**i. Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৩/০৫/২০২১ খ্রিঃ সকাল- ১০:০০ টা।

**ii. Online**-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০/০৬/২০২১ খ্রিঃ বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০) pixel ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ কেবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ কেবি হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদন (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট/ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে গ্রেড-৪ হতে গ্রেড-১০ পর্যন্ত পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬০/-(ষাট) টাকাসহ মোট ৫৬০/-(পাঁচশত ষাট) টাকা এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ পর্যন্ত পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ২৪/- (চব্বিশ) টাকাসহ মোট ২২৪/- (দুইশত চব্বিশ) টাকা অনলাইনে আবেদন submit-এর পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **"এখানে বিশেষভাবে উল্লেখ্য যে Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না "।**

প্রথম SMS: CAAB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
*Example:* CAAB *ABCDEF*

Reply: Applicant's name, TK. 224/560 will be charged as application fee. Your PIN is xxxxxxxxx. To pay fee type CAAB <space>YES<space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: CAAB<space>YES<space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
*Example:* CAAB *YES xxxxxxxx*

Reply: Congratulations Applicant's name, payment completed successfully for CAAB. Application for xxxxxxx User ID is (ABCDEF) and password (********)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://caab.teletalk.com.bd অথবা বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ওয়েবসাইট-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রেখে SMS read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: CAAB<space>Help<space>User<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
   *Example:* CAAB *HELP USER ABCDEF*
ii. PIN Number জানা থাকলে: CAAB<space>Help<space>PIN<space>PIN No লিখে Send করতে হবে 16222 নম্বরে।
   *Example:* CAAB *HELP PIN ********

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd এ-মেইলে যোগাযোগ করা যাবে।

৩. <u>প্রার্থীর যোগ্যতা যাচাই:</u>

প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

খ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

গ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি।

ঘ. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/নবম বা তদুর্ধ্ব গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

চ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি (Applicant's copy)।

৪. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৫. কেউ তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

৬. কর্তৃপক্ষ, সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৭. আবেদনপত্র জমাদান, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ বা তুলনামূলক যোগ্যতায় উচ্চমান অর্জনের মাধ্যমে কোন প্রার্থী সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য কোনো "আইনি" বা "মানবিক অধিকার" অর্জন করবেন না।

৮. আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

৯. কোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১০. নিয়োগকৃতদের বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আওতাধীন যে কোনো দপ্তর/বিভাগ/ইউনিট/বিমানবন্দরে পদায়ন করা হবে।

১১. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(মোঃ জহিরুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
ফোন: ০২-৮৯০১৪১২